# Times Today BD

ইমরান হোসেন রাজ | দেশজুড়ে | 01 June, 2025

কৃষিকে আরও আধুনিক ও লাভজনক করতে 'খামারি মোবাইল অ্যাপ' এবং 'ক্রপ জোনিং সিস্টেম'র মতো অত্যাধুনিক প্রযুক্তির গুরুত্ব অপরিসীম।এই প্রযুক্তিগুলো কৃষকদের কাছে পৌঁছে দিতে পারলে একদিকে যেমন উৎপাদন বহুগুণ বাড়বে, তেমনি দেশের খাদ্য নিরাপত্তাও নিশ্চিত হবে বলে মন্তব্য করেছেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আলমগীর বিশ্বাস।

রোববার (১ জুন) ডিএই যশোর অঞ্চলের কার্যালয়ে অনুষ্ঠিত এক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতির কারণেই কৃষি আজ আধুনিকতার ছোঁয়া পাচ্ছে।কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সবসময় কৃষকদের পাশে আছে এবং ভবিষ্যতেও থাকবে।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) আয়োজিত এই কর্মশালায় ডিএই যশোর অঞ্চলের কর্মকর্তাদের 'খামারি মোবাইল অ্যাপ' এবং 'ক্রপ জোনিং সিস্টেম' বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন ক্রপ জোনিং প্রকল্প, বিএআরসির সদস্য পরিচালক (শস্য) ও কো-অর্ডিনেটর ড. মো: আবদুছ ছালাম।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএই খামারবাড়ি ঢাকার অতিরিক্ত পরিচালক ড. মো: জামাল উদ্দীন।

কর্মশালার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ক্রপ জোনিং প্রকল্পের ক্রপ এক্সপার্ট ড. মো: আজিজ জিলানী চৌধুরী, ক্রপ জোনিং সিস্টেমের ওপর বিস্তারিত উপস্থাপনা করেন ক্রপ জোনিং প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার মো: আবিদ হোসেন চৌধুরী।

এছাড়া, খামারি মোবাইল অ্যাপ ব্যবহারের বিস্তারিত তুলে ধরেন ক্রপ জোনিং প্রকল্প পরিচালক (কম্পিউটার ও জিআইএস ইউনিট) হাসান মো. হামিদুর রহমান।

কৃষি কৃষক আধুনিক ও লাভজনক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:16

URL: https://www.timestodaybd.com/across-the-country/3227775807